

১৫নিক জনকণ্ঠ



শীলফামারীতে বখাটে যুবকের কবলে পড়ে স্বপ্না রানী  
আত্মহনন করে -জনকণ্ঠ

## ডিমলায় স্কুলছাত্রীকে আত্মহত্যায় প্ররোচনা দেয়ায় বখাটে যুবকের বিরুদ্ধে পিতার মামলা

শীলফামারী, ২৭ নবেম্বর, নিজস্ব সংবাদদাতা ৪  
বখাটে যুবকের কবলে পড়ে বাধা হয়ে স্বপ্না রানীর (১২)  
(৭- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

### ডিমলায় স্কুলছাত্রীকে (৮-এর পাতার পর)

আত্মহননের ঘটনা নিয়ে তোলপাড় শুরু হয়েছে। এ ঘটনায় জেলার ডিমলা থানায় বৃধবার স্বপ্না রানীর পিতা ভগেন্দ্রনাথ রায় তাঁর মেয়েকে আত্মহননের প্ররোচনা দেয়ার অভিযোগ এনে বখাটে যুবক মনিভূষণের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন। মামলার আসামী পলাতক বলে পুলিশ জানিয়েছে।

জানা গেছে, ডিমলা উপজেলার বগাখড়িবাড়ী উচ্চ বিদ্যালয়ের এবারের এসএসসি পরীক্ষার্থী উত্তর সুন্দরখাতা গ্রামের অতুলচন্দ্র অধিকারীর ষোড়শী কন্যা স্বপ্না রানী অধিকারীকে একই গ্রামের প্রভাবশালী ভগেন্দ্রনাথ রায়ের বখাটে পুত্র মনিভূষণ (১৮) প্রায়ই উত্তাক করত। এলাকায় স্বপ্না রানীর বিরুদ্ধে ঐ যুবক কুৎসা রটাতে থাকে। এ ব্যাপারে স্বপ্নার পিতা গ্রামে সালিশী ডাকলে ঐ যুবক ও তার পিতা ক্রিঃ হয়ে ওঠে। এ অবস্থায় ১৪ নবেম্বর বগাখড়িবাড়ী উচ্চ বিদ্যালয়ে বিচার বসে। বিচারে উক্ত স্কুলের প্রধান শিক্ষক ও গ্রামের মহত প্রধানরা ঐ যুবককে শুধুমাত্র গালমন্দ করে ছেড়ে দেয়। এ অবস্থায় ঐ যুবক সে দিনই স্বপ্নাদের বাড়িতে গিয়ে স্বপ্নাকে এগ্নিসিঁড়ি মেরে মরাসে দেয়াসহ তাকে হত্যা করে নিয়ে ক্রেমে নৈবার হুমকি দেয়। এতে স্বপ্না মারপিটভাবে ভেসে পড়ে এবং ১৫ নবেম্বর সকালে কীটনাশক পান করে। তাকে সেদিনই ডিমলা হাসপাতালে ভর্তি করা হয় এবং চিকিৎসাধীন অবস্থায় ১৮ নবেম্বর ভোরে স্বপ্না মৃত্যুর কোলে ঢলে পড়ে। এ ব্যাপারে ডিমলা থানায় ইউডি মামলা ও লাশের ময়নাতদন্ত করা হয়। ঘটনার দশ দিনের মাথায় স্বপ্না রানীর আত্মহননের ঘটনায় তার পিতা আত্মহননের প্ররোচনার অভিযোগ আনেন বখাটে যুবক মনিভূষণের ওপর এবং তা লিখিতভাবে ডিমলা থানায় জানিয়ে বৃধবার একটি মামলা দায়ের করেছেন।

এমিকে স্বপ্না রানীর এই আত্মহননের ঘটনা নিয়ে এলাকায় তোলপাড় শুরু হয়েছে। পুলিশ বখাটে যুবক মনিভূষণকে গ্রেফতার করতে পারেনি। মনিভূষণ পলাতক বলে পুলিশ জানায়।